

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শৃংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩- ১০১৬

তারিখঃ ০৭.১২.২০১৩

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর জখমী রোগীর রেজিস্ট্রারে নিজের ইচ্ছামত জখমী নোট লিখেন এবং মিথ্যা জখমী সনদ প্রদান করে থাকেন;

যেহেতু, তিনি উর্দ্ধতন কর্তৃপক্ষের মৌখিক আদেশ অমান্য করে থাকেন এবং হাসপাতালের কর্মকর্তা- কর্মচারীদের সাথে অসৌজন্যমূলক আচরণ করে থাকেন;

যেহেতু, তিনি অফিসে দায়িত্বরত অবস্থায় রোগীদের কাছ থেকে টাকা গ্রহণ করে থাকেন এবং বহিরাগতদের নিয়ে হাসপাতাল কমপ্লেক্সের ভিতরে অনৈতিক কাজে জড়িত থাকেন;

যেহেতু, তিনি বদলীর আদেশ বাতিলের জন্য বহিরাগত উশৃংখল লোকজন দিয়ে হাসপাতাল কমপ্লেক্সে বিশৃংখল পরিস্থিতি সৃষ্টি করেছেন এবং বহিরাগত উশৃংখল লোকজন দিয়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তার রুমে তালাবদ্ধ করে রেখেছিলেন;

যেহেতু, তিনি ছুটি মঞ্জুর না করিয়ে এবং দায়িত্বভার হস্তান্তর না করে কর্মস্থল ত্যাগ করে থাকেন;


যেহেতু, তার বিরুদ্ধে উপরিলিখিত অভিযোগ সমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, তাঁর এহেন আচরণ সরকারী কর্মচারী আচরণ বিধিমালার পরিপন্থী এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) বিধি মোতাবেক “অসদাচরণ” এর হিসেবে গণ্য;

যেহেতু, ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর-কে কর্মরত রাখা হলে অফিস শৃংখলা ভঙ্গ হতে পারে এবং অফিসের ভাবমূর্তি ক্ষুণ্ণ হবার সম্ভাবনা রয়েছে;

এক্ষণে সেহেতু, তাঁকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ১১(১) বিধি মোতাবেক আদেশ জারীর তারিখ হতে নাময়িকভাবে বরখাস্ত করা হল এবং তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হল;

প্রচলিত নিয়ম মোতাবেক তিনি সাময়িক বরখাস্তকালীন সময়ে খোরপেয় ভাতাদি প্রাপ্য হবেন।

  
(এ. এম. বদরুদ্দোজা)  
অতিরিক্ত সচিব

উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস


তেজগাঁও, ঢাকা

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.১৫১.২০১৩- ১০১৬/১(৩৩)

তারিখঃ ০৭.১২.২০১৩

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য)।
- ৩। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। উপ-সচিব (পার-২ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। উপ-পরিচালক (শৃংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। সিভিল সার্জন, রংপুর।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ, রংপুর।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ মোঃ আজমল হক (১০১৭৪৪৯), আবাসিক মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর।
- ১১। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, পীরগঞ্জ, রংপুর।

  
(হাছিনা বেগম)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৬৬৫৫

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)